

ভারপ্রাপ্ত সম্পাদক
গোলাম মোর্তোজা

সহকারী সম্পাদক
জব্বার হোসেন

শিল্প নির্দেশক
কনক আদিত্য

ইভেন্ট সমন্বয়কারী
সাশা মানসুর চৌধুরী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

আলোকচিত্রী
সালাহ উদ্দিন টিটো
শ্রাবণ রেজা

প্রদায়ক
মিশায়েল আহম্মাদ
সাইমন মোহসিন, নুসরাত জাহান
হাসান নিটোল, মিজান রহমান

গ্রাফিক ডিজাইনার
হাবিবুর রহমান

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইফ্রাটন রোড,
ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

ই-মেইল : info@shaptahik2000.info
editor@shaptahik2000.info

সাপ্তাহিক ২০০০-এর বিনোদন
ক্রোড়পত্র হিসেবে
মাহফুজ আনাম
কর্তৃক মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ থেকে
প্রকাশিত ও ট্রান্সক্রাফট লিঃ
২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.info



সম্পাদকীয়

১০ বর্ষ ২৫ সংখ্যা ২ নবেম্বর ২০০৭

আফজাল হোসেন। তুমুল জনপ্রিয় তারকা। এই তারকা ইমেজের বাইরেও রয়েছে তার বিস্তৃত পরিচিতি। নির্মাণ, উপস্থাপনা, ছবি আঁকা, লেখালেখি- শিল্পের প্রায় সকল শাখাতেই তার সফল পদচারণা। তার বাইরেও আরেকটা পরিচয়- একজন মানবিক মানুষ। সেই পরিচয়টাই তার কাছে গুরুত্বপূর্ণ। ব্যক্তিত্ব আফজাল হোসেন এবার বিনোদন ২০০০-এ অন্যভাবে।

ভ্রমণ, দাম্পত্য, অপরপক্ষ, রাশিহ অন্যান্য নিয়মিত বিভাগ তো থাকলই। বিনোদন ২০০০ সাপ্তাহিক ২০০০-এর পাক্ষিক বিনোদন প্রয়াস। আলাদা বিক্রির জন্য নয়।

সূ চি প ত্র

৪ 'আমার নিজেকে বারোভাজা টাইপ মানুষ বলে মনে হয়'

১০ ভ্রমণ

১২ ঐহিত্য

১৩ অপরপক্ষ

১৪ রাশি

৯ দাম্পত্য



প্রচ্ছদের ছবি : সালাহ উদ্দিন টিটো

তারকাকথন

'রিয়াজের সঙ্গে সুসম্পর্ক রয়েছে। তবে তা প্রেমের সম্পর্ক নয়'

সুমাইয়া শিমু

সাপ্তাহিক ২০০০ : মডেলিং দিয়ে মিডিয়াতে আপনার পথচলা শুরু কিন্তু এখন আর মডেলিংয়ে দেখা যাচ্ছে না কেন?

সুমাইয়া শিমু : নাটক আমার পেশা। এজন্য সব ধরনের নাটকই করা হয়। কিন্তু বিজ্ঞাপনের ব্যাপারে আমি খুব চুজি। প্রচুর অফার আসে কিন্তু আমার পছন্দের সঙ্গে না মিললে করা হয় না। তবে বিজ্ঞাপনের মডেল হতে আমার ভালো লাগে।

২০০০ : নাটকে আপনার উপস্থিতি অনেক বেশি। একসঙ্গে অনেকগুলো নাটকে অভিনয় করলে অভিনয়ের মান কী ঠিক রাখা যায়?

শিমু : অভিনয় ছাড়া আমার অন্য কোনো পেশা নেই। কর্পোরেট অফিসের একজন কর্মজীবী যেমন মাসে ৩০ দিন কাজ করে। আমিও মাসে ৩০ দিন অভিনয় করি। নিয়মিত অভিনয় একটা অভ্যাসের ব্যাপার। আমি নিজের চেষ্টায় এবং অভিজ্ঞতায় একটা নির্দিষ্ট মান ধরে রেখেছি। আমার সমস্ত মনোযোগ অভিনয়ে পুঞ্জীভূত। তাই মান পড়ে যাওয়ার কোনো সম্ভাবনা নেই। মাঝে-মধ্যে ভাবতাম দর্শক একই মুখ এত বেশি দেখে বিরক্ত হয়ে যাবে। কিন্তু একই সময়ে আমি বিভিন্ন নাটকে বিভিন্ন ক্যারেক্টার করছি। এতে দর্শক আমার মধ্যে ভিন্নতা খুঁজে পাচ্ছে।

২০০০ : ফারুকীর 'ব্যাচেলর' এর পর আপনাকে আর কোনো ছবিতে দেখা যায়নি...

শিমু : ব্যাচেলরে অল্প কয়েকটা দৃশ্যে ছিলাম। ওটা একটা অতিথি চরিত্র ছিল। ফিল্মে অফার অহরহ পাচ্ছি। কিন্তু আমি নিজেকে ফিল্মের সঙ্গে মানানসই মনে করি না। এমনকি টেলিফিল্মকে আরেকটু বড় করে যে ফিল্ম তৈরি করা হয় সেগুলোতেও অভিনয় করার ইচ্ছা আমার নেই।

২০০০ : আপনার দৃষ্টিতে একজন দক্ষ অভিনয় শিল্পীর সংজ্ঞা কেমন?

শিমু : চরিত্র নিয়ে খেলা করার দক্ষতা অবশ্যই থাকতে হবে। পাশাপাশি বিচক্ষণ এবং কাজের প্রতি সিনসিয়রিটি থাকতে হবে।

২০০০ : রিয়াজের সঙ্গে আপনার প্রেমের গুঞ্জন শোনা যাচ্ছে?

শিমু : এটা শুধু গুঞ্জন। রিয়াজের সঙ্গে বেশ কিছু নাটক, টেলিফিল্মে অভিনয় করেছি। পেশাগত দিক দিয়ে একটা ভালো সম্পর্ক রয়েছে। রিয়াজের সঙ্গে সুসম্পর্ক রয়েছে। তবে তা প্রেমের সম্পর্ক নয়। এটা মনে করাও ভুল এবং ভবিষ্যতে কোনো সম্ভাবনাও নেই।